# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

হুদায়বিয়ার সন্ধির শর্তসমূহ

সন্ধির প্রধান প্রধান শর্তগুলো ছিল এই-

- মদ্বীনার মুসলমান ও মক্কার কুরাইশদের মধ্যে দীর্ঘ দশ বছর পর্যন্ত সকল প্রকার যুদ্ধ-বিগ্রহ বন্ধ থাকবে।
- এই বছর মুসলমানেরা উমরাহ না করেই মদ্বীনায় ফেরত যাবেন।
- আগামী বছর তারা মক্কায় আগমণ করতে পারবেন। এ সময় তারা সাথে তীর ও বর্শা আনতে পারবেন না। আত্মরক্ষার জন্য শুধু কোষবদ্ধ তলোয়ার সাথে রাখতে পারবে।
- মক্কায় তারা কেবল তিন দিন অবস্থান করতে পারবেন। তিন দিন পার হওয়ার সাথে সাথে মক্কা থেকে বের হয়ে চলে যেতে হবে।
- এই দশ বছরের মধ্যে মক্কার কোন লোক যদি মুসলমান হয়ে মদ্বীনায় আশ্রয় নেয় তাহলে মদ্বীনাবাসীগণ তাকে আশ্রয় দিবে না। পক্ষান্তরে মদ্বীনার কোন লোক যদি মক্কায় চলে আসে তাহলে মক্কাবাসীগণ তাকে মদ্বীনায় ফেরত দিবে না।

চুক্তির এই শেষ শর্তটি মেনে নেওয়া মুসলমানদের জন্য খুবই কঠিন ছিল। তারা নাবী (ﷺ) এর কাছে বলতে লাগলেনঃ হে আল্লাহর নাবী! আমরা কি এই শর্তটিও মেনে নিব? নাবী (ﷺ) বললেন- তাদের যে লোক মুসলমান হয়ে আমাদের কাছে চলে আসবে, আমরা তাকে তাদের নিকট ফেরত দিব। আল্লাহ তা‘আলা তার কোন না কোন ব্যবস্থা করবেন।

চুক্তি সম্পন্ন হওয়ার পর নাবী (ﷺ) মুসলমানদেরকে আদেশ দিলেন যে, তোমরা দাঁড়িয়ে যাও, কুরবানী করে ফেল এবং মাথা কামিয়ে ফেল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3944

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন